দর্শনা প্রেসক্লাবের তালসারী ডিসি ইকোপার্কে বনভোজন অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনা প্রেসক্লাবের বনভোজন অনুষ্ঠিত হয়েছে। কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতির আয়োজনে গতকাল শুক্রবার দিনব্যাপী দামুড়হুদা উপজেলার তালসারি ডিসি ইকো পার্কে এ বনভোজন অনুষ্ঠিত হয়।

এসময় ইকো পার্কে সাংবাদিকদের এক মিলন মেলায় পরিণত হয়। জুম্মার নামাজের পর খাওয়া-দাওয়া শেষে ইকো পার্কের গেস্ট হাউজে আড্ডায় মেতে ওঠেন প্রেসক্লাবের সাংবাদিক সহ অতিথীরা।

এ সময় উপস্থিত ছিলেন কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, সহ-সভাপতি মফিজুল ইসলাম, সদস্য হারিজুল ইসলাম,মিরাজল ইসলাম, প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সাধারণ সম্পাদক ওসমান আলী, সাংবাদিক সমিতির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহ-সভাপতি জাহিদুল ইসলাম, কামরুজ্জামান যুদ্ধ, সাবেক সভাপতি হানিফ মন্ডল, ইকরামুল হক পিপুল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, আলমগীর হোসেন, মাহমুদ হাসান রনি, মোস্তাফিজুর রহমান কচি, হাসমত আলী, মাসুম বিল্লাহ, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ রয়েল, আব্দুল হান্নান, রাজিব মল্লিক, ফরহাদ হোসেন, আবিদ হাসান রিফাত, সুকমল চন্দ্র দাস বাঁধন ও ইয়াছিন জুয়েল প্রমুখ।

মেহেরপুরে দৈনিক সময়ের আলো’র প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

সত্য প্রকাশে আপসহীন দৈনিক সময়ের আলোর উত্তরোত্তর সাফল্য ও সার্বিক মঙ্গল কামনা করে মেহেরপুরে ৪র্থ প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১১ টায় মেহেরপুর জেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা ও কেক কাটার মধ্যদিয়ে অনুষ্ঠান সম্পন্ন হয়।

সময়ে আলোর মেহেরপুর জেলা প্রতিনিধি তৌহিদ উদ দৌলা রেজার সভাপতিত্বে ও আরটিভি জেলা প্রতিনিধি মাজেদুল হক মানিকের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট আব্দুস সালাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা আনিসুর রহমান, গাংনী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব আলম, মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম।

এ সময় গাংনী প্রেসক্লাবের সহসভাপতি মজনুর রহমান আকাশ, মাছরাঙ্গা টেলিভিশনের প্রতিনিধি বেনইয়ামিন মুক্ত, প্রথম আলো প্রতিনিধি আবু সাঈদ, বাংলাদেশ প্রতিদিনের প্রতিনিধি মাহাবুবুল হক পোলেন, বাংলা টিভি প্রতিনিধি আক্তারুজ্জামান, দৈনিক লাখো কন্ঠের প্রতিনিধি রফিকুল আলম বকুল, ভোরের ডাক প্রতিনিধি জুরাইস ইসলাম, গ্লোবাল টিভি প্রতিনিধি রাব্বি আহমেদসহ জেলার ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

জীবননগরে দৈনিক সকালের সময় পত্রিকার ৭ম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

জীবননগরে দৈনিক সকালের সময় পত্রিকার ৭ম প্রতিষ্ঠিাবার্ষিকী পালন হয়েছে।

সোমবার সকাল সাড়ে ১১টার সময় দৈনিক সকালের সময় পত্রিকার জীবননগর প্রতিনিধি মহিবুল ইসলাম মুকুলের আয়োজনে জীবননগর প্রেস ক্লাবে কেক কাটার মধ্যে দিয়ে দৈনিক সকালের সময় পত্রিকার ৭ম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়।

জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামান, জীবননগর পৌর মেয়র মোঃ রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার ওসি (তদন্ত) স্বপন কুমার, সিনিয়ার সাংবাদিক কামাল সিদ্দিক বাবু, জীবননগর সাংবাদিক সমতিরি সভাপতি জাহিদ বাবু, জীবননগর প্রেস ক্লাবের সাধারন সম্পাদক কাজী শামসুর রহমান চঞ্জল, সাংবাদিক সালাউদ্দিন কাজল, মুন্সী রায়হান উদ্দিন, মাজেদুর রহমান লিটন, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ডাঃ জাহাঙ্গীর আলম, পৌর কাউন্সিলার খোকন হোসেন, শিল্পী রানা, কবি আজিজুর রহমান প্রমুখ।

ঝিনাইদহ জেলা রিপোর্টার্স ইউনিটির পরিচিতি ও শপথ গ্রহণ অনুষ্ঠান

ঝিনাইদহ জেলা রিপোর্টার্স ইউনিটির কার্যনির্বাহী কমিটির নব-নির্বাচিত সদস্যদের পরিচিতি ও শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার দুপুরে জেলা পরিষদ অডিটোরিয়ামে জেলা তথ্য অফিসার আবু বকর সিদ্দিকীর সভাপতিত্বে পরিচিতি ও শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদ চেয়ারম্যান ড.এম হারুন উর রশীদ, পৌর মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল,জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা,সদর থানার ভারপ্রাপ্ত

কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা, সাবেক অধ্যক্ষ আমিনুর রহমান টুকু, এনটিভি ও দৈনিক যুগান্তরের স্টাফ রিপোর্টার মিজানুর রহমান, জেলা সমবায় কার্যালয়ের পরিদর্শক ও রিপোর্টার্স ইউনিটির নির্বাচন কমিশনার রুহুল আমীন মোল্লা,নব-নির্বাচিত জেলা রিপোর্টার্স ইউনিটির সভাপতি এম এ কবির, সাধারণ সম্পাদক সাহিদুর রহমান সন্টু,প্রচার ও প্রকাশনা সম্পাদক এস এম রবি ও কোষাধ্যক্ষ সম্রাট শাহ্সহ সকল সদস্যবৃন্দ।

রেডিও পায়রা’র আয়োজনে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে কুইজ প্রতিযোগীতা

মেহেরপুরে শিক্ষার্থীদের জ্ঞানের বিকাশ ও মেধাচর্চার লক্ষে উপস্থিত বক্তৃতা ও কুইজ প্রতিযোগীতার আয়োজন করার হয়।

গতকাল বৃহস্পতিবার সকালে গাংনী উপজেলার জাড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের আনিশা গ্রুপের সার্বিক সহযোগীতায় ‘রেডিও পায়রা’ এ অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ হাসান আল নূরানীর সভাপতিত্বে মূল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন রেডিও পায়রার প্রধান নির্বাহী কর্মকর্তা সাজিদ আহমেদ।

প্রধান শিক্ষক মোঃ হাসান আল নূরানী এবং শিক্ষিকা মোছাঃ সিমি এর সার্বিক সহযোগীতায় কুইজ প্রতিযোগীতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এসময় প্রধান শিক্ষক মোঃ হাসান আল নূরানী বলেন রেডিও পায়রার এমন সুন্দর আয়োজন করার জন্য ধন্যাবাদ জানান। আবারো এমন আয়োজন করার জন্য রেডিও পায়রার চেয়ারম্যান এম এ এস ইমনকে আন্তরিকভাবে ধন্যবাদ জানায় এবং তার সার্বিক মঙ্গল কামনা করেন।

মেহেরপুরে যুগান্তর পত্রিকার ২৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

মেহেরপুরে যুগান্তর পত্রিকার ২ যুগে পদার্পণ করায় প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়।
সোমবার সকালে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে আলোচনা সভা ও একজন যুদ্ধ শিশুকে শুভেচ্ছা স্মারক প্রদানের মাধ্যমে জমকালো প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করে যুগান্তরের পাঠক সংগঠন স্বজন সমাবেশ।

গাংনী উপজেলা সমবায় অফিসার ও সাংস্কৃতিক কর্মী মাহবুবুল হক মন্টুর সঞ্চালনায় মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক স্বজন সমাবেশের সভাপতি আব্দুল্লাহ আল-আমিনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও পৌরসভার চেয়ারম্যান মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক খ ম ইমতিয়াজ হারুন জুয়েল, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি ও দৈনিক যুগান্তর পত্রিকার সাংবাদিক তোজাম্মেল আযম, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক ইত্তেফাক পত্রিকার সাংবাদিক মাহবুব চান্দু, কালের কন্ঠের সাংবাদিক ও মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, জেলা শিল্পকলা একাডেমির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালু, সাংস্কৃতিক কর্মী শামিম জাহাঙ্গীর সেন্টু, জেলা প্রেস ক্লাবের কোষাধাক্ষ ও বাসসের সাংবাদিক দিলরুবা খাতুন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এম এ লিংকন যুদ্ধ শিশু সেলিনা সেফি সহ বিভিন্ন অতিথি এবং সংবাদকর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর পৌরসভার চেয়ারম্যান মাহফুজুর রহমান রিটন বলেন সাংবাদিকতা এটা পেশা না এটা একটি নেশা যাদের নেশা তারাই সাংবাদিক হতে পারে। এলাকার উন্নয়নে সাংবাদিকদের লেখার স্বাধীনতা দিতে হবে।

ছবি তুলতে গিয়ে সাংবাদিক লাঞ্চিত, মোবাইল ভাংচুর

জাপান টোব্যাকো ইন্ডাষ্ট্রিজ (জেটিআই) এর উদ্যোগে চাষিদের তামাক চাষে উদ্বুদ্ধ করন সভার ছবি তুলতে গিয়ে সাংবাদিক লাঞ্চিতের ঘটনা ঘটেছে। এসময় ওই সাংবাদিকের মোবাইল ফোন ভেঙ্গে দেয়া হয় এবং সাংবাদিকের সাথে মারমুখি আচরন করেন জাপান টোব্যাকোর কর্মকর্তা ও কর্মচারিরা। শুধু তাই নয়, অকথ্য ভাষায় কথা বলে সাংবাদিককে অপদস্থ করেন জেটিআই এর লোকজন। গতকাল রবিবার বিকেল সাড়ে তিনটার সময় গাংনী উপজেলার হিন্দা গ্রামের পশ্চিমপাড়া মাঠে এঘটনা ঘটে।

জানা গেছে, জাপান টোব্যাকো ইন্ড্রাষ্ট্রির আয়োজনে এবং স্থানীয় তামাক ব্যবসায়ী সিদ্দিক ও ইলিয়াসের সহযোগীতায় হিন্দা পশ্চিমপাড়া মাঠের একটি বাঁশবাগনে স্থানীয় প্রায় শতাধিক চাষি ও ব্যবসায়ীদের একত্রিত করে তামাক চাষে উদ্বুদ্ধ করন সভা করছিলেন। সভায় প্রণোদনা ও প্রচারণা মুলক বিভিন্ন লিফলেট, ব্যানার ও ফেস্টুন নিয়ে তামাক চাষে উদ্বুদ্ধ করন বক্তব্য দিচ্ছিলেন কুষ্টিয়া জোনের ম্যানেজার। এসময় মেহেরপুর জেলা প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক বাংলা টিভি ও দৈনিক মেহেরপুর প্রতিদিনের সাংবাদিক আকতারুজ্জামান ওই অনুষ্ঠানের একটি ছবি তুলতে গেলে জাপান টোব্যাকো ইন্ড্রাষ্ট্রিজ (জেটিআই) এর মেহেরপুর শাখার ম্যানেজার আরিফ পিছন থেকে এসে মোবাইল ফোনে থাবা মেরে মোবাইল ফোনটি ছিনিয়ে নেয়ার চেষ্টা করেন। এসময় মোবাইল ফোনটি মাটিতে পড়ে যায়।

ফোনটি নিয়ে তাদের উদ্বুদ্ধকরণ সভার ধারনকৃত ছবি ডিলিট করে দেয়। পরে কোম্পানীর আরও ৪/৫জন লোক এসে পুনরায় সাংবাদিক আকত্রুাজ্জানের মোবাইল ফোনটি ছিনিয়ে নেয়ার চেষ্টা করে। এবং বিভিন্ন অকথ্য ভাষায় গালিগালাজ করে । এসমসয় সাংবাদিকের কার্ড দেখতে চাইলে সাংবাদিক আকতারুজ্জামান তার পরিচয়পত্র দেখালেও তা ছিনিয়ে নিয়ে ছিড়ে ফেলার চেষ্টা করেন তারা। অবস্থা বেগতিক দেখে স্থান ত্যাগ করে সাংবাদিক আকতারুজ্জামান। বিষয়টি গাংনীতে কর্মরত সাংবাদিকদের জানান। সাংবাদিকরা তাৎক্ষনিক ঘটনাস্থলে যান। অন্যান্য সাংবাদিকদের উপস্থিতি টের পেলে তড়িঘড়ি করে উদ্বুদ্ধ করণ

তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস জানান, জাপান টোব্যাকে কোম্পানী(জেটিআই) বিভিন্ন সময় তাদের মিটিং করে আমি লোকমুখে জানতে পারি। তবে নিয়ম হচ্ছে আমার ইউনিয়নের মধ্যে কোন মিটিং করলে পরিষদকে অবশ্যই অবগত করতে হবে। কিন্তু তারা কোনদিনও জানায়নি।

জাপান টোব্যাকো ইন্ডাস্ট্রিজ (জেটিআই) এর মেহেরপুর শাখা ব্যবস্থাপক আরিফ জানান, সাংবাদিক আমাদের না বলে ছবি তুলেছিল। তাই কথা কাটাটি হয়েছে। এর বেশি কিছূ হয়নি বলে দাবী করেন তিনি।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, জাপান টোব্যকো থেকে মিটিং করার কোন অনুমতি নেয়নি। সাংবাদিকের সাথে তারা যে আচরণ করেছে তা অন্যায়। লাঞ্চিত সাংবাদিক অভিযোগ করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দর্শনা প্রেসক্লাবে যুগান্তরের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

দর্শনা প্রেসক্লাবে দৈনিক যুগান্তরের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। গতকাল শুক্রবার রাত ৮ টায় দর্শনা প্রেসক্লাবে আয়োজিত যুগান্তরে ২ যুগ পূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য আলী আজগর টগর।

এসময় তিনি বলেন, দেশের গণতন্ত্র প্রতিষ্ঠা ও দুর্নীতি অনিয়মের তথ্য তুলে ধরে যুগান্তর। জনগণের অধিকারের কথা বলে। সমাজের অন্যায় অবিচার নিষ্পেষিত মানুষের পাশে থাকে। দেশের উন্নয়ন ন্যায় প্রতিষ্ঠার জন্য দেশের সংবাদ পাঠকের মনে জায়গা করে নিয়েছে। দেশ ও বিদেশের কাছে ন্যায় ও বস্তু নিত্য সংবাদ পরিবেশন করে আন্তর্জাতিক মর্যাদা পেয়েছে। দেশের ১৮ কোটি মানুষের স্পন্দন হয়ে উঠেছে দৈনিক যুগান্তর।

দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডলের সঞ্চলনায় ও

যুগান্তর প্রতিনিধি ইকরামুল হক পিপুল সভাপতিত্বে অনুষ্ঠান উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু।

তিনি বলেন, যুগান্তর পত্রিকার ২ যুগ। এই দুই যুগে দেশের কত পত্রিকা হারিয়ে গিয়েছে। বস্তু নিষ্ঠুর সংবাদ পরিবেশন এর মাধ্যমে যুগান্তর পত্রিকা মানুষের মনে জায়গা করে নিয়েছে। দেশ ও জনগণের কথা বলে। সত্য প্রকাশে আপোষহীন একটি পত্রিকা যুগান্তর। দেশে এখন যুগান্তর জনপ্রিয়তার শীর্ষে অবস্থান করছে। দেশের উন্নয়নে যুগান্তর এগিয়ে যাবে।

চুয়াডাঙ্গা জেলা পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক কিশোর কুমার কুন্ডু, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌরসভার ভারপ্রাপ্ত মেয়র রবিউল হক সুমন, দর্শনা থানার ইন্সপেক্টর (অপারেশন) নিরব হোসেন, দর্শনা গণ উন্নয়ন গ্রন্থাগারের নির্বাহী পরিচালক আবু সুফিয়ান, আওয়ামিলীগ নেতা- বিল্লাল হোসেন, যুগান্তর পত্রিকার জেলা প্রতিনিধি আহাদ আলী মোল্লা, দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সাধারণ সম্পাদক ওসমান ওলি, সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু, সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সাংবাদিক- কামরুজ্জামান যুদ্ধ, এফএ আলমগীর, আহসান হাবিব মামুন, চঞ্চল মেহমুদ, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ আহমেদ রয়েল, আব্দুল হান্নান, আব্দুর রহমান, ফরহাদ হোসেন, ইয়াছিন জুয়েল প্রমুখ।

মুজিবনগরে দৈনিক জবাবদিহি পত্রিকার ৬ষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

ইতিহাস ও ঐতিহ্যের স্মৃতি গাঁথা বাংলাদেশের প্রথম রাজধানী মুজিবনগরে দিনব্যাপী নানা আয়োজনের মধ্যদিয়ে দৈনিক জবাবদিহি পত্রিকার ৬ষ্ঠ প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

শুক্রবার সকাল থেকেই দিনব্যাপী নানা আয়োজনে মুজিবনগর অডিটোরিয়ামে ৬ষ্ঠ তম বর্ষপূর্তি উদযাপন করা হয়। দৈনিক জবাবদিহি’র সারাদেশের সকল প্রতিনিধি ও দেশের বিভিন্ন খ্যাতনামা পত্রিকার সম্পাদক ও প্রকাশকদের নিয়ে এ অনুষ্ঠান।

মুজিবনগর পর্যটন মোটেলে অতিথিদের আপ্যায়নের জন্য বসানো হয় পিঠাপুলি ও বিভিন্ন আইটেমের খাবারের স্টল। পরে সেখানে মধ্যাহ্নভোজ শেষে অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।
আলোচনা সভায় জবাবদিহি পত্রিকার প্রকাশক ও সম্পাদক আক্তার হোসেন রিন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দৈনিক জবাবদিহি পত্রিকার নির্বাহী সম্পাদক তৌহিদুল রহমান, বাংলাদেশ প্রতিদিন পত্রিকার জিএম বেলাল হোসেন মন্টু, বাংলাদেশ হকার্স বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের সভাপতি আব্দুল মান্নান, বাংলাদেশ ক্রাইম রিপোর্টার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক আল মামুন খুলনা মেট্রোপলিটন সাংবাদিক ইউনিয়নের সভাপতি আবু তাহের।

আরও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, গাংনী প্রেস ক্লাবের সভাপতি তৌহিদ-উদ-দৌলা রেজাসহ জেলায় কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক বৃন্দরা।

আলোচনা সভা শেষে দৈনিক জবাবদিহি পত্রিকার সম্পাদক ও প্রকাশক আক্তার হোসেন রিন্টুর ১৩৮ বছরের নির্মম হত্যার শিকার রাষ্ট্রনায়কদের নিষ্ঠুর ইতিহাস বইয়ের মোড়ক উন্মোচন করা হয়।

মেহেরপুরে ঢাকা পোষ্টের

প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

সত্য ও বস্তুনিষ্ঠতা আছে বলেই এতো এতো সংবাদ মাধ্যমের মধ্যে ঢাকা পোষ্ট অল্প বয়সের হলেও মানুষের মাঝে আস্থার গণমাধ্যম হিসেবে পরিচিতি পেয়েছে। দেশ ও জাতির কল্যাণে কাজ করে বলেই ঢাকা পোষ্ট বিভিন্ন পুরুস্কার অর্জন করেছে। আর এই তথ্য প্রযুক্তি ও প্রতিযোগাীতায় টিকে থাকা সম্ভব হয়েছে যারা সম্পাদকীয়তার দায়িত্বে রয়েছেন তাদের সৃষ্টিশীল চিন্তাভাবনা ও দায়িত্বের জায়গা থেকে অনড় অবস্থান। ঢাকা পোষ্টকে এগিয়ে নিয়ে যাচ্ছে দক্ষ দায়িত্বশীল ব্যাক্তিরা। ঢাকা পোষ্টের মাধ্যেমে বাংলাদশের প্রথম রাজধানী আমাদের ঐতিহাসিক মেহেরপুরকেও বিশ্বদরবারে তুলে ধরার সুযোগ হয়েছে। এসব কথা বলেছেন মেহেরপুর সরকারি মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ মোঃ রফিকুল ইসলাম।

আজ বৃহস্পতিবার (১৬ ফেব্রুয়ারী) বিকেল সাড়ে তিনটার সময় মেহেরপুর জেলা প্রেসক্লাব মিলনায়তনে ঢাকা পোষ্টের দ্বিতীয় বর্ষপুর্তীর আলোচনা সভা অনুষ্ঠানে অতিথিরা তাদের বক্তব্যে ঢাকা পোষ্টের নির্ভরযোগ্য সংবাদ ও প্রতিষ্ঠানের আরও সাফল্য কামনা করে এসব কথা বলেন।

ঢাকা পোষ্টের মেহেরপুর প্রতিনিধি আকতারুজ্জামানের সভাপতিত্বে এবং মেহেরপুর জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় অতিথি হিসেবে বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন আব্দুল মালেক, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম,সরকারি ডিগ্রী কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমীন ধুমকেতু, দৈনিক মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, সাংস্কৃতিক ব্যাক্তিত্ব শামীম জাহাঙ্গীর সেন্টু, গাংনী প্রেসক্লাব সভাপতি তৌহিদ উদ দৌলা রেজা, ও বাংলাদেশ সংবাদ সংস্থা(বাসস)এর প্রতিনিধি দিলরুবা ইয়াসমিন।

আলোচনা সভা শেষে কেক কাটা ও শোভা যাত্রার মাধ্যমে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়। ঢাকা পোষ্টের প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে মেহেরপুরের বিভিন্ন গণ মাধ্যমে কর্মরত সাংবাদিক ও নাগরিক সমাজের প্রতিনিধিরা অংশ গ্রহন করেন।